UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:*** ২১ মে ২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়ির ধুধুকছড়া থেকে অপহৃতদের ছেড়ে দিয়েছে সন্তু গ্রুপের সন্ত্রাসীরা

খাগড়াছড়ির পানছড়ি উপজেলার ধুধুকছড়া এলাকা থেকে অপহৃত ব্যক্তিদের সকলকে ছেড়ে দিয়েছে সন্তু গ্রুপের সন্ত্রাসীরা। গতকাল ২০ মে সোমবার খাগড়াছড়িতে অনুষ্ঠিত পিসিপি'র দুই যুগ পূর্তি অনুষ্ঠানে যোগ দেওয়ার পথে ধুধুকছড়া মারমা পাড়া এলাকায় সন্তু গ্রুপের সন্ত্রাসীরা অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের গাড়িতে সশস্ত্র হামলা চালায়। এতে পিসিপি'র দুই সমর্থক আহত হয়। এ সময় সন্ত্রাসীরা গাড়িতে থাকা ৩৬ জন ও ৪ মোটর সাইকেল আরোহী সহ ৪০ জনকে অপহরণ করে নিয়ে যায়। পরে সকাল ১১টার দিকে মোটর সাইকেল আরোহী সহ ১৩ জনকে ছেড়ে দিলেও বাকী ২৭ জনকে গভীর জঙ্গলে অজ্ঞাত স্থানে নিয়ে যায়।

সারাদিন তাদেরকে আটক রাখার পর এলাকাবাসীর চাপের মুখে গতকাল সোমবার রাতে সন্ত্রাসীরা উক্ত ২৭ জনকে ছেড়ে দিতে বাধ্য হয়। রাত সাড়ে ১০টার দিকে অপহৃতরা সকলে নিজ নিজ বাড়িতে পৌঁছেছেন বলে নিশ্চিত হওয়া গেছে। সন্ত্রাসীরা তাদের উপর শারিরীক নির্যাতন চালিয়েছে বলে অপহৃতরা অভিযোগ করেছেন।

বার্তা প্রেরক

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ।